

স্যার রাসবিহারী ঘোষ মহাবিদ্যালয়

উখরিদ, খণ্ডঘোষ, পূর্ব বর্ধমান।

বিজ্ঞপ্তি

BA CBCS Semesters-III, V & I Final Examinations, 2020-র পরীক্ষার্থীদের এই পরীক্ষা সংক্রান্ত অবশ্যপালনীয় নিয়মাবলি নীচে উল্লেখ করা হল :

১. প্রত্যেক পরীক্ষার্থীর নিজস্ব E-mail ID এবং Mobile No. থাকা আবশ্যিক, যেখান থেকে সংশ্লিষ্ট পরীক্ষার্থী তার Answer-script (উত্তরপত্র) কলেজ প্রদত্ত E-mail-এ পাঠাবে। বিভিন্ন subject (বিষয়)-এর বিভিন্ন E-mail থাকবে। বিষয়ভিত্তিক নির্দিষ্ট E-mail-এ পরীক্ষার্থীকে উত্তরপত্রটি পাঠাতে হবে, Paper যাই হোক না কেন। যেমন -

- বাংলা - bengali.srgm@gmail.com
- ইংরেজি - english.srgm@gmail.com
- ENVS - envs.srgm@gmail.com
- দর্শন - philosophy.srgm@gmail.com
- রাষ্ট্রবিজ্ঞান - polsc.srgm@gmail.com
- সংস্কৃত - sanskrit.srgm@gmail.com
- ইতিহাস - history.srgm@gmail.com
- শিক্ষা - education.srgm@gmail.com

২. পরীক্ষার আগে প্রত্যেক পরীক্ষার্থীকে আবশ্যিকভাবে নিজ নিজ Admit Card download করতে হবে। Admit Card ছাড়া কোনো পরীক্ষার্থীকে বৈধ বলে গণ্য করা হবে না। Admit Card-এ কোনো Course বা Paper-এর উল্লেখ না থাকলে পরীক্ষার্থী সেই বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

৩. Answer-script (উত্তরপত্র)-এর প্রথম পাতা University বা College-এর website (www.srgm.org.in) থেকে download করা যাবে। পরীক্ষার্থী এই পাতাটি প্রয়োজনীয়সংখ্যক Xerox করে রাখতে পারে এবং এক-একটি পরীক্ষার জন্য ব্যবহার করতে পারে। University প্রদত্ত উত্তরপত্রের প্রথম পাতাটি যথাযথভাবে পূরণ করার পর (অর্থাৎ Roll No., Registration No., Course/Paper, Subject ইত্যাদি) প্রত্যেক বিষয়ের উত্তরপত্রের প্রথমে সেলাই করে আটকে দিতে হবে। নচেৎ উত্তরপত্রটি অসম্পূর্ণ বলে গণ্য করা হবে।

৪. পরীক্ষা শুরু হবার আধ ঘণ্টা (30 minutes) আগে প্রত্যেক পরীক্ষার প্রশ্নপত্র College-এর website-এ পাওয়া যাবে।

৫. 40 marks-এর প্রশ্নপত্রের জন্য সময় থাকবে ২ ঘণ্টা (2 hours) এবং 60 marks-এর প্রশ্নপত্রের জন্য সময় থাকবে 3 ঘণ্টা (3 hours)।

৬. প্রত্যেক পরীক্ষার্থীকে তাদের স্বহস্তে লিখিত উত্তরপত্রের প্রথম পাতার পর থেকে 1,2,3,4,5... হিসেবে পৃষ্ঠাসংখ্যা দিতে হবে। উত্তরপত্র সম্পূর্ণ হয়ে গেলে একটি single pdf file তৈরি করে College-এর দেওয়া নির্দিষ্ট E-mail-এ পাঠিয়ে দিতে হবে।


৭. প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শেষ হবার আধ ঘণ্টার (30 minutes) মধ্যে pdf file তৈরি করে পাঠাতে হবে। উত্তরপত্র pdf করে কলেজ প্রদত্ত E-mail-এ পাঠানোর সময় Screen Shot নিয়ে রাখতে হবে, যাতে ভবিষ্যতে কোনো সময়ে উত্তরপত্র দেয়িতে জমা পড়েছে বলে কোনো মতবিরোধ দেখা দিলে ওই Screen Shotটি পরীক্ষার্থী প্রমাণস্বরূপ দেখাতে পারে।

৮. উত্তরপত্রের pdf তৈরির সময় pdf document-এর নাম হবে পরীক্ষার্থীর Roll No.। College-এর দেওয়া নির্দিষ্ট E-mail-এ উত্তরপত্র পাঠানোর সময় Mail-এ Subject-এর জায়গায় Course বা Paper-এর নাম দিতে হবে।

৯. পরীক্ষার্থী উত্তরপত্র Mail করে পাঠাতে ব্যর্থ হলে পরীক্ষার সময়সীমা শেষ হবার আধ ঘণ্টার (30 minutes) মধ্যে উত্তরপত্র কলেজে এসে জমা দিতে পারে।

১০. পরীক্ষা শেষ হবার আধ ঘণ্টার (30 minutes) মধ্যে কলেজ প্রদত্ত E-mail-এ অথবা সশরীরে কলেজে এসে উত্তরপত্র জমা না দিলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে Absent (অনুপস্থিত) হিসেবে গণ্য করা হবে।

১১. কোনো প্রতিবন্ধী পরীক্ষার্থী থাকলে এবং তাকে কোনো প্রাপ্য সুবিধা নিতে গেলে কলেজের মাধ্যমে University-র কাছে লিখিত ও আগাম অনুমোদন নিতে হবে।


অধ্যক্ষ 04.03.2021

স্যার রাসবিহারী ঘোষ মহাবিদ্যালয়

PRINCIPAL
Sir Rashbehari Ghosh Mahavidyalaya
Ukhrid (Khandaghost)
Purba Bardhaman, W.B.-713142